



হাইকোর্টে জামিন পেলেন ইডেন ছাত্রলীগ সভাপতি রিভা



ইডেন ছাত্রলীগ সভাপতি রিভা। ছবি: সংগৃহীত

নিষিদ্ধ ঘোষিত সংগঠন বাংলাদেশ ছাত্রলীগের ইডেন মহিলা কলেজ শাখার সভাপতি তামান্না জেসমিন রিভা একটি মামলায় হাইকোর্ট থেকে জামিন পেয়েছেন।
সোমবার (৬ এপ্রিল) বিচারপতি মো. আতোয়ার রহমান ও বিচারপতি মো. সগীর হোসেনের সম্মুখে গঠিত হাইকোর্ট বেঞ্চ তার জামিন মঞ্জুর করেন এবং এ বিষয়ে রুল জারি করেন।
এর আগে, রাজনৈতিক কর্মকাণ্ডে জড়িত থাকার অভিযোগে ২০২৪ সালের ১৬ ডিসেম্বর গোয়েন্দা পুলিশ (ডিবি) তাকে আটক করে।
সংশ্লিষ্ট সূত্র জানায়, জুলাইয়ের আন্দোলনের সময় রিভা ক্যাম্পাস ছেড়ে আত্মগোপনে চলে যান এবং দীর্ঘদিন জনসম্মুখে অনুপস্থিত ছিলেন। পরে একই বছরের ১৬ ডিসেম্বর রাতে তাকে আটক করা হয়।

LENS ASIA